



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

www.iau.edu.bd iauins13@gmail.com



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৩০/২০১৬/১৫১২২

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬


অফিস আদেশ

লেবুজিলবুনিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: কলারদোয়ানিয়া, উপজেলা: নাজিরপুর, জেলা: পিরোজপুর-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২৫-০২-২০২৬ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিশ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭-০৪-২০২৬ থেকে ২৬-০৪-২০৩০ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. মাদরাসার অবকাঠামোর উন্নয়ন করতে হবে এবং ফাজিল শ্রেণিসহ সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও ক্লাসে তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে;
২. মাদরাসার সীমানা প্রাচীর নির্মাণ করত: মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্তি” কথাটি লিখতে হবে;
৩. নিয়মিত অভিভাবক সমাবেশ করার পাশাপাশি সকল ধরনের আয়-ব্যয় গভর্নিং বডির অনুমোদন নিতে হবে এবং সকল ধরনের লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
৪. বাড়ির আঙিনায় বৃক্ষরোপনের জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে এবং প্রতিমাসে দেয়ালিকা প্রকাশ করার পাশাপাশি অ্যালামনাই অ্যাসোসিয়েশনকে আরও কার্যকর করতে হবে;
৫. লাইব্রেরিতে বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং শিক্ষার্থীদের বাংলার পাশাপাশি আরবি ও ইংরেজিতে দক্ষ করে তোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৬. শিক্ষক-শিক্ষিকাদের হাজিরা নিশ্চিত করার পাশাপাশি শ্রেণিকক্ষে গাইড বইয়ের ব্যবহারের বিষয়ে শিক্ষার্থীদেরকে নিরন্তর সাহিত্য করতে হবে এবং শ্রেণিকক্ষ, অজুখানা, টয়লেট এবং মাদরাসার আঙিনা যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
৭. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন, ডিজিটাল হাজিরা, শিক্ষার্থীদের জন্য ড্রেস কোড, আইডি কার্ড ও মাদরাসায় সিসি টিভি, আইপিএস-এর ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে;
৮. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে এবং ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করার পাশাপাশি শিক্ষক প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;
৯. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একাটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১০. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে


(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, লেবুজিলবুনিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসা


ডাকঘর: কলারদোয়ানিয়া, উপজেলা: নাজিরপুর, জেলা: পিরোজপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৩০/২০১৬/১৫১২২ (০৭)

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, লেবুজিলবুনিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: কলারদোয়ানিয়া, উপজেলা: নাজিরপুর, জেলা: পিরোজপুর।
৭. অফিস নথি।


(আরিফ আহমাদ) 07.10.2026

সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫